# সিডিসি’র উচ্ছেদ স্থগিতাদেশ ফ্যাক্ট শীট

কোভিড ১৯ এর বিস্তার রোধে সহায়তা করার জন্য সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল (সিডিসি) ২০০১ সালের ৩ আগস্ট যুক্তরাষ্ট্রের অনেক ভাড়াটেদের জন্য একটি নতুন জাতীয় উচ্ছেদ স্থগিতাদেশ ঘোষণা করে। কোভিড ১৯ এর উচ্চ বা উল্লেখযোগ্য সংক্রমণ হারের সম্মুখীন কাউন্টিতে বসবাসকারী ভাড়াটেদের জন্য এ আদেশ ৩ আগস্ট, ২০২১ থেকে ৩ অক্টোবর, ২০২১ পর্যন্ত বলবৎ রয়েছে। যেসব ভাড়াটে সিডিসি’র পূর্ববর্তী স্থগিতাদেশের আওতায় ঘোষণা জমা দিয়েছেন, যার মেয়াদ ৩১ শে জুলাই শেষ হয়েছে, এ ঘোষণা তাদের পুনরায় জমা দেয়ার প্রয়োজন নেই। এ আদেশ বর্তমানে বলবৎ স্টেটের অথবা স্থানীয় ক্ষমতা সম্পন্ন উচ্ছেদ নিরাপত্তা ব্যবস্থাকে প্রতিস্থাপন বা বাতিল করে না এবং ভাড়াটে ও তাদের প্রবক্তাদের উচিত দৃঢ়তর স্থানীয়, স্টেট ও ফেডারেল নিরাপত্তা নিশ্চিত করার জন্য কাজ করা। **বাড়ি ভাড়া ও ইউটিলিটি বিল পরিশোধে সহায়তা দেয়ার জন্য স্টেট ও কাউন্টিগুলোর মাধ্যমে বিতরণের জন্য কংগ্রেস ৪০ বিলিয়ন ডলারের অধিক অর্থ বরাদ্দ করেছে। আপনার এলাকায় এজন্য কীভাবে আবেদন করতে হবে তা জানতে ভিজিট করুন:** https://bit.ly/CFPBERAP

## আপনাদের যা জানা প্রয়োজন

- এই আদেশের আওতায় কোভিড ১৯ এ উচ্চ অথবা উল্লেখযোগ্য পরিমাণে সংক্রমিত এলাকাসমূহের সিঙ্গেল ফ্যামিলি হাউজ, ভ্রাম্যমান বাড়ি এবং অ্যাপার্টমেন্টসহ কার্যত সকল ভাড়া বাড়ি আসে। ভাড়াটে ও বাড়ি মালিকরা যাচাই করে দেখতে পারেন যে তাদের এলাকা এর আওতায় পড়ে কিনা: https://covid.cdc.gov/covid-data-tracker/#county-view
- এই আদেশে সংশ্লিষ্ট এলাকাগুলোর ভাড়াটেদের ২০০১ সালের ৩ অক্টোবর পর্যন্ত ভাড়া পরিশোধ না করার জন্য উচ্ছেদ করার উপর বাড়ি মালিকদের প্রতি নিষেধাজ্ঞা জারি করা হয়েছে, যদি ভাড়াটেরা তাদের বাড়ি মালিকের কাছে সিডিসি’র ঘোষণা জমা দিয়ে থাকেন। (নিচে ঘোষণাটি দেখুন)
- কোনো ভাড়াটে যদি তাদের বাড়ি মালিকের কাছে ঘোষণাটি পৌঁছে দিয়ে থাকেন, তাহলে বাড়ি মালিক ভাড়াটে কর্তৃক বাড়ি ভাড়া পরিশোধ না করার জন্য ২০০১ সালের ৩ অক্টোবরের আগে মামলা দায়ের বা হয়রানি বা ভয়ভীতি প্রদর্শন করাসহ ভাড়াটেকে উচ্ছেদ অথবা উচ্ছেদ করার কারণ সৃষ্টির কোনো পদক্ষেপ গ্রহণ করতে পারেন না।
- এ আদেশের দ্বারা বাড়ি মালিকের যে ভাড়া প্রাপ্য ভাড়া বাতিল অথবা ভাড়া পরিশোধ বন্ধ করা হয়নি অথবা প্রাপ্য ভাড়া জমিয়ে রাখার সুযোগ সৃষ্টি করা হয়নি, যা এই আদেশের মেয়াদ সমাপ্ত হলেও প্রাপ্য থাকবে।
- এ আদেশে একজন ভাড়াটেকে ভাড়া পরিশোধ না করা ছাড়া অন্য কিছু কারণে ২০০১ সালের ৩ অক্টোবরের পূর্বে বাড়ি থেকে উচ্ছেদ করার অনুমতি দেয়া হয়েছে, যার মধ্যে রয়েছে: (যদি না স্টেট বা স্থানীয় আইনে “উচ্ছেদ করার যথার্থ কারণ”শক্তিশালী বিধান থাকে): বাড়ির অঙ্গনে অপরাধমূলক কর্মকাণ্ডে লিপ্ত হওয়া; অন্যান্য বাসিন্দাদের স্বাস্থ্য বা নিরাপত্তার জন্য হুমকিতে পরিণত না হয়; সম্পত্তি ধ্বংস অথবা সম্পত্তি ধ্বংসের তাৎক্ষণিক ও তাৎপর্যপূর্ণ ঝুঁকির সৃষ্টি করে; কোন প্রয়োগযোগ্য বিল্ডিং কোড, স্বাস্থ্য বিধি বা স্বাস্থ্য বা নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট অনুরূপ কোন বিধি লঙ্ঘন করে, অথবা যথাসময়ে ভাড়া পরিশোধ বা হাউজিং সংক্রান্ত অনুরূপ পাওনার বিষয় ছাড়া (ফি, জরিমানা বা সুদসহ পাওনা পরিশোধ না করা বা বিলম্বে পরিশোধ করা) চুক্তি-সংশ্লিষ্ট কোন বাধ্যবাধকতা লংঘন করে।

## আমি কি এর যোগ্য ?

ভাড়াটেরা সুরক্ষা লাভের যোগ্য, যদি তারা

- সিডিসি কর্তৃক উচ্চ বা উল্লেখযোগ্য সংক্রমণ হার সম্পন্ন এলাকায় বসবাস করা: https://covid.cdc.gov/covid-data-tracker/#county-view
- আয়ে ক্ষতিগ্রস্থ বা চিকিৎসা ব্যয়ের কারণে ভাড়া পরিশোধে অসমর্থ হন,
- হতে পারে আপনি ২০২১ সালে ব্যক্তিগতভাবে ৯৯,০০০ ডলার অথবা পারিবারিকভাবে ১৯৮,০০০ ডলারের কম আয় করবেন বলে আশা করেন, অথবা কোনো স্টিমুলাস চেক পেয়ে থাকেন, অথবা ২০২০ সালে ট্যাক্স রিটার্ন ফাইল করতে হয়নি,
- ভাড়ার জন্য বিদ্যমান কোন সরকারি সহযোগিতা তহবিল থেকে সহায়তা লাভের চেষ্টা করবেন বা করেছেন,
- তারা কতোটা দিতে পারে তার ভিত্তিতে আংশিক ভাড়া পরিশোধসহ সম্ভব হলে তারা যে ভাড়া পরিশোধ করার জন্য বাধ্য তা উপলব্ধি করা.
- উচ্ছেদ করা হলে ভাড়াটেরা কি গৃহহীনে পরিণত হবেন অথবা তাদেরকে ঘণবসতিপূর্ণ কোন স্থানে বা নিম্নমানের বসবাসের কোন স্থানে যেতে হবে কিনা।

এই সুরক্ষাগুলো পেতে হলে ভাড়াটে – এবং বাড়িতে বসবাসকারী সকল পূর্ণবয়স্ককে তাদের বাড়ি মালিকের কাছে একটি স্বাক্ষরিত ঘোষণা জমা দিতে হবে, যাতে উল্লেখ থাকবে যে তারা যোগ্য এবং মিথ্যা বলার আইনানুগ দণ্ড স্বীকার করে তারা সত্য বলছেন। ভাড়াটেরা ঘোষণার একটি কপি এবং বাড়ি মালিকের সাথে যোগাযোগের কপি রাখবেন।

সবগুলো আদালত সিডিসি’র এই আদেশটিকে একইভাবে ব্যাখ্যা করে না এবং কয়েকটি বিচার ব্যবস্থায় এই সুরক্ষা প্রযোজ্য নাও হতে পারে। এই ঘোষণার ব্যাপারে কোন সহযোগিতা পেলে হলে অথবা আপনি যদি উচ্ছেদের মুখোমুখি হন. তাহলে আইনগত সহযোগিতা লাভের জন্য আপনার লিগ্যাল এইড সংস্থা বা স্থানীয় কমিউনিটিভিত্তিক সংগঠনের সাথে যোগাযোগ করুন।

PolicyLink | nhlp National Housing Law Project | Partnership for Working Families | Public Advocates: Making Rights Real | Right to the City | People's Action Institute | Alliance for Housing Justice | The Center for Popular Democracy | MHAction Manufactured Housing Action | PRRAC Poverty & Race Research Action Council | National Low Income Housing Coalition

OMB Control No. 1920-1303
Form Expiration: 9/30/2021

# উচ্ছেদ সুরক্ষার ঘোষণা

সেন্টারস ফর ডিজিস কন্ট্রোল এন্ড প্রিভেনশন (সিডিসি) একটি আদেশ জারি করেছে, যা আপনি যেখানে বসবাস করছেন সেখান থেকে উচ্ছেদ বা অপসারণ করা থেকে আপনাকে সুরক্ষা প্রদান করতে পারে। **এর অর্থ হচ্ছে, আপনি যদি যোগ্য বলে বিবেচিত হন, তাহলে আপনি যেখানে বসবাস করেন সেখানে ৩ অক্টোবর, ২০২১ তারিখ পর্যন্ত থাকতে পারেন।**

## এই ফরম কিভাবে ব্যবহার করতে হবে

1. সিডিসি' র আদেশের অধীনে আপনি উচ্ছেদ থেকে সুরক্ষা পেতে পারেন কিনা তা দেখুন। আপনি যদি একজন বিশেষজ্ঞের সহায়তা পেতে চান, তাহলে (৮০০) ৫৬৯-৪২৮৭ ফোনে যোগাযোগ করতে পারেন অথবা https://www.hudexchange.info/programs/housing-counseling/rental-eviction/ ওয়েবসাইট ভিজিট করে ইউএস ডিপার্টমেন্ট অফ হাউজিং এন্ড আরবান ডেভেলপমেন্ট ((এইচইউডি)) অনুমোদিত স্থানীয় হাউজিং কাউন্সেলরের ফোন নম্বর জেনে নিতে পারেন।
2. আপনি যে উচ্ছেদ থেকে সুরক্ষা লাভের যোগ্য তা ঘোষণা করতে পরবর্তী পৃষ্ঠায় স্বাক্ষর করুন।
3. আপনি যার কাছে বাড়ি ভাড়া নিয়েছেন (যেমন: বিল্ডিং ম্যানেজমেন্ট, বাড়ি মালিক ইত্যাদি) সেই ব্যক্তি বা কোম্পানিকে আপনার স্বাক্ষরিত ঘোষণা প্রদান করুন। আপনার রেকর্ড রাখার জন্য ঘোষণা একটি ছবি বা কপি রাখুন এবং কোন সমস্যা দেখ দিলে বিশেষজ্ঞের সঙ্গে কথা বলুন।

আপনার বাড়ির মালিক যদি সিডিসি' র আদেশ লঙ্ঘন করেন, তাহলে তারা জরিমানা অথবা নির্দিষ্ট মেয়াদে কারাদন্ডসহ ফৌজদারি শাস্তির সম্মুখীণ হতে পারেন।

---

## 1. আমি কি যোগ্য?

*আপনি যদি প্রতিটি কলামে অন্তত একটি করে বক্স চেক করতে পারেন, তাহলে আপনি যোগ্য বিবেচিত হতে পারেন।*

### *কলাম A*

- ☐ আমি ২০২০ অথবা ২০২১ সালে একটি স্টিমুলাস চেক (ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট) পেয়েছি।
- ☐ ২০২০ সালে আইআরএস এর কাছে আমাকে আয়ের কোন হিসাব দেয়ার প্রয়োজন পড়েনি।
- ☐ আমি নিচে উল্লেখিত সুবিধাগুলোর **যে কোন** একটি পাচ্ছি
  - সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিষ্ট্যান্স প্রোগ্রাম (SNAP)
  - টেম্পোরারি অ্যাসিষ্ট্যান্স ফর নিডি ফ্যামিলিজ (TANF)
  - সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI)
  - সাপ্লিমেন্টাল সিকিউরিটি ডিসঅ্যাবিলিটি ইনকাম (SSDI)
- ☐ ২০২০ অথবা ২০২১ সালে আমি এককভাবে ৯৯,০০০ ডলারের কম অথবা যৌথভাবে ১,৯৮,০০০ ডলারের কম আয় করেছি (অথবা আয় করার আশা করছি)।

**উপরের কোনটিই নয় — আপনি যোগ্য বলে বিবেচিত নন।**

*এবং*

### *কলাম B*

আমি আমার সম্পূর্ণ বাড়ি ভাড়া অথবা সম্পূর্ণ হাউজিং পেমেন্ট পরিশোধ করতে পারিনি, কারণ:

- ☐ আমার পারিবারিক আয় উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছিল,
- ☐ আমাকে আমার কাজ থেকে ছাঁটাই করা হয়েছিল,
- ☐ আমার কর্ম ঘন্টা অথবা বেতন কমিয়ে দেয়া হয়েছিল,
- ☐ আমাকে নিজের পকেট থেকে চিকিৎসা যথেষ্ট অর্থ ব্যয় করতে হয়েছে।[1]

**উপরের কোনটিই নয় — আপনি যোগ্য বলে বিবেচিত নন।**

**আপনি কি প্রতিটি কলামে অন্তত একটি করে বিষয় চিহ্নিত করেছেন? আয় সীমা অনুযায়ী আপনি যোগ্য।**

[পরবর্তী পৃষ্ঠায় প্রথম বক্স চিহ্নিত করুন]

---

[1] সংশ্লিষ্ট বছরের জন্য আমার সমন্বিত মোট আয়ের ৭.৫% অথবা অধিক

## 2. আমার যোগ্যতা সংক্রান্ত ঘোষণা

নিচের বক্সগুলো চিহ্নিত করার মাধ্যমে আমি ঘোষণা করছি যে, আমার প্রতিটি বক্তব্য সত্য।

- ☐ আমি যুক্তরাষ্ট্রের এমন একটি কাউন্টিতে বাস করি, যেখানে এসএআরএস-সিওভি-২ এর কমিউনিটি পর্যায়ে সংক্রমণ হার উল্লেখযোগ্য অথবা উচ্চ।[2]
- ☐ আমার আয় সীমা উপরে বর্ণিত কারণগুলোর আলোকে আমার যোগ্য বিবেচিত।
- ☐ আমি আমার সাধ্যমতো চেষ্টা করেছি যথাসময়ে আংশিক ভাড়া পরিশোধ করতে, যা মোট ভাড়ার যতোটা সম্ভব কাছাকাছি পরিমাণ এবং আমার ভাড়া অথবা হাউজিং পেমেন্টের জন্য সরকারি সহায়তা পাওয়ার যোগ্য।[3]
- ☐ আমাকে যদি উচ্ছেদ করা হয়, তাহলে আমার বসবাসের জন্য আর কোন স্থান থাকবে না। সে অবস্থায় আমাকে:
  - হয়তো হোমলেস এ পরিণত হতে হবে, **অথবা**
  - কোন হোমলেস শেল্টারে আশ্রয় নিতে হবে,, **অথবা**
  - অন্যান্যরা যেখানে গাদাগাদি অবস্থায় বাস করে সেখানে বাস করার জন্য যেতে হবে।
- ☐ আমি জানি যে আমি স্বাক্ষর করার পর:
  - বাড়ি মালিকের সঙ্গে কোন চুক্তিতে উপনীত না হওয়া পর্যন্ত আমাকে ভাড়া, বকেয়া ভাড়া এবং যে কোন ফি, জরিমানা অথবা আমার লিজের অধীনে সূদ পরিশোধের জন্য দায়ী থাকব।
  - আমাকে অবশ্যই আমার লিজের শর্ত মেনে চলতে হবে।
  - বাড়ি মালিকের সঙ্গে কোন চুক্তিতে উপনীত না হওয়া পর্যন্ত আমি যদি আমার প্রয়োজনীয় ভাড়া পরিশোধে ব্যর্থ হই, সেক্ষেত্রে সাময়িক স্থগিতাদেশের অবসান ঘটলেই আমাকে উচ্ছেদ করা যেতে পারে।
  - ভাড়া পরিশোধ অথবা হাউজিং পেমেন্ট পরিশোধ না করার কারণ ছাড়াও আমাকে অন্যান্য কারণে উচ্ছেদ করা যেতে পারে।

### ভাড়াটিয়াদের সমস্যা সমাধানে সহায়ক পরামর্শ

**ভাড়া পরিশোধের জন্য জরুরী আর্থিক সহায়তা অনুসন্ধান করুন।**
স্থানীয় এইচইউডি (ঐটউ) অনুমোদিত হাউজিং কাউন্সেলরদের তালিকা পাওয়ার জন্য যোগাযোগ করুন: (৮০০) ৫৬৯-৪২৮৭

**দেনা আদায় নিয়ে উদ্ভুত সমস্যাগুলো অবহিত করুন।**
সিএফপিবি' তে অভিযোগ দাখিল করুন cfpb.gov/complaint

**বৈষম্য সংক্রান্ত অভিযোগ অবহিত করুন।**
অভিযোগ দাখিল করুন। এইচইউডি' র সঙ্গে (৮০০) ৬৬৯-৯৭৭৭ ফোনে যোগাযোগ করুন।

***অসত্য বর্ণনার অভিযোগে দ- মেনে নিয়ে আমি এই ঘোষণা[4] স্বাক্ষর করছি। অর্থ্যাৎ আমি শপথ করছি যে উপরোক্ত বর্ণনা সত্য এবং আমি জানি যে, মিথ্যা বলার দায়ে আমাকে অপরাধী সাব্যস্ত করে বিচার করা হতে পারে।***

আপনি এখানে স্বাক্ষর করুন:

X ______________________________________________ তারিখ: ____________

## 3. আপনি যার কাছে বাড়ি ভাড়া নিয়েছেন সেই ব্যক্তি বা কোম্পানিকে স্বাক্ষরিত এই পৃষ্ঠাটি প্রদান করুন।

**বাড়ি মালিকদের মনোযোগ আকর্ষণ:** *আপনার সম্মতির জন্য আপনাকে ধন্যবাদ। আপনি যদি সিডিসি' র উচ্ছেদ আদেশটি লঙ্ঘন করেন তাহলে আপনি এবং/অথবা আপনার ব্যবসা প্রতিষ্ঠান জেল ও জরিমানাসহ ফৌজদারি শাস্তির জন্য অপরাধী সাব্যস্ত হতে পারে।*

---

[2] কোভিড ১৯ সমন্বতি কাউন্টি চত্রি দখেুন: https://covid.cdc.gov/covid-data-tracker/#county-view/

[3] আপনি কি ধরনের সহায়তা লাভ করতে পারেন তা জানার সবচেয়ে ভালো উপায় হচ্ছে স্থানীয় একজন বিশেষজ্ঞের সঙ্গে যোগাযোগ করা। (৮০০) ৫৬৯-৪২৮৭ ফোন নম্বরে যোগাযোগ করে স্থানীয় এইচইউডি (ঐটউ) অনুমোদিত হাউজিং কাউন্সেলরদের তালিকা জেনে নিন।

[4] আপনি যদি ইতোমধ্যে উচ্ছেদ স্থগিতকরণ ঘোষণা স্বাক্ষর করে থাকেন, তাহলে আপনার আরেকটি ঘোষণা জমা দেয়ার প্রয়োজন নেই।